চুয়াডাঙ্গায় মুক্তিযোদ্ধার প্রতিকৃতিতে অগ্নিসংযোগ ও পদাঘাত

চুয়াডাঙ্গায় বীরমুক্তিযোদ্ধার বিরুদ্ধে বানোয়াট মিথ্যা অভিযোগ তুলে মানববন্ধন এবং প্রতিকৃতিতে অগ্নিসংযোগ ও পদাঘাত করা হয়েছে। এঘটনায় অভিযুক্তদের গ্রেফতারের দাবি জানিয়ে দর্শনা মুক্তিযোদ্ধা পৌর কমান্ডারের পক্ষ থেকে প্রতিবাদ জানানো হয়েছে।

আজ শনিবার বেলা ১১টায় চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সামনে ওয়েভ ফাউন্ডশনের চাকুরীহারা কর্মীদের ব্যানারে কতিপয় ব্যাক্তি এহন কর্মকান্ড ঘটায়।

চুয়াডাঙ্গা দর্শনার বীরমুক্তিযোদ্ধা মহসিন আলীর ওয়েভ ফাউন্ডেশনের নামের একটি এনজিও প্রতিষ্ঠন রয়েছে। যার নির্বাহী পরিচালক মহসীন আলী। বিভিন্ন সময়ে আর্থীক অনিয়ম এবং নারী কেলেংকারীর অভিযোগে এ প্রতিষ্ঠন থেকে কিছু কর্মী চাকুরীচ্যুত হয়। এতে ক্ষিপ্ত হয়ে কতিপয় কর্মী পরিচালকের বিরুদ্ধে নানা মিথ্যা বানোয়াট অভিযোগ তুলে শনিবার চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সামনে মানববন্ধন করে।

মানবন্ধন শেষে বীরমুক্তিযোদ্ধা মহসিন আলীর প্রতিকৃতিতে অগ্নিসংযোগ ও পদাঘাত করেন। এটা মুক্তিযোদ্ধার চেতনায় আঘাত এবং দেশের শ্রেষ্ট সন্তাদের প্রতি অন্মান বলে দর্শনা পৌর মুক্তিযোদ্ধা কমান্ড মনে করছেন। এর প্রতিবাদে এক বিবৃত্তি দিয়েছেন এবং অভিযুক্তদের দৃষ্টান্তমূলোক শাস্তির দাবি জানিয়েছে।